

শ্রী: ফিরোজ
সহকারী প্রধান শিক্ষক
সমন্বিত
গণশিক্ষা
বাংলাদেশ
দিন
ফোন: ৩০৬৮০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd



স্মারক: ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২).২০২১- ২৬৪২

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯ ব.
৩০ মে ২০২২ খ্রি.

বিষয়: ২০২০-২১ অর্থ বছরের প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প-৩য় পর্যায়ে প্রদেয় অবিতরণকৃত উপবৃত্তির অর্থ সুবিধাভোগী অভিভাবকদের মোবাইল একাউন্টের মাধ্যমে সুষ্ঠুভাবে বিতরণের নিমিত্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ ও যথাযথ দায়িত্ব পালন প্রসংশে।

সূত্র: ১) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নং-০৭.১০১.০২০.০৫.২৪.০০১.২০১৬-৫৪৪, তারিখ: ১৭/০৫/২০২২।
২) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৮.০০.০০০০.০০৯.০২.০০২.২০-৩৪, তারিখ: ২২/০৫/২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২১ অর্থ বছরের প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তি প্রদান প্রকল্প-৩য় পর্যায়ের উপবৃত্তি ও ফিটস্ এলাউন্স বাবদ প্রদেয় অবিতরণকৃত ৮৬৪.২০.০৩.৫০০/- (আটশত চৌষট্টি কোটি বিশ লক্ষ তিন হাজার পাঁচশত) টাকা বিতরণের জন্য ১ ও ২ নং সূত্রের স্মারক মোতাবেক অর্থ মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট প্রধান শিক্ষক, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার, উপজেলা/থানা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ এবং নির্ধারিত দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য অনুরোধ করা হলো।

২। ২০২০-২১ অর্থবছরের বকেয়া অর্থ বিতরণের ক্ষেত্রে প্রধান শিক্ষকগণ কর্তৃক তাঁর বিদ্যালয়ে সহকারী শিক্ষক এবং স্থানীয় স্টেব হোল্ডারদের সহযোগিতায় সুবিধাভোগী অভিভাবকদেরকে হার্ড ওয়েড টেকনোলজিস লিমিটেড (নগদ)-এর পোর্টালে এন্ট্রিকৃত মোবাইল নম্বরটি সচল রাখতে, মোবাইল সেট নিজ দায়িত্বে সংরক্ষণ করে ব্যবহার করতে এবং মোবাইলে প্রেরিত এসএমএস, ওটিপি ও পিন নম্বর অন্যদের সাথে শেয়ার না করার বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ করা হলো।

৩। ইতোমধ্যে কোন সুবিধাভোগীর মোবাইল ফোন/সিমকার্ড হারিয়ে গেলে বা একাউন্ট হ্যাক হয়ে থাকলে তা দ্রুত সচল/বন্ধ সিমকার্ড পরিবর্তন করার বিষয়টি সংশ্লিষ্ট অভিভাবক/শিক্ষার্থীদের জানাতে হবে। এধরনের কোন অভিযোগ থাকলে তা দ্রুততম সময়ে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উপবৃত্তি বিভাগে জানাতে হবে। এছাড়া বর্তমানে বিদ্যালয় চালু আছে বিষয় সকল শিক্ষার্থী ও অভিভাবককে এসকল বিষয়ে সচেতন করতে হবে।

৪। সকল উপজেলা/থানা শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার তাঁর নিয়ন্ত্রণাধীন বিদ্যালয়সমূহে যেন উপবৃত্তি বিতরণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সকল সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিষয়টি সার্বক্ষণিকভাবে মনিটরিং করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং বিভাগীয় উপপরিচালকগণ মাঠ পর্যায়ে উপবৃত্তির কার্যক্রম সার্বিক তত্ত্বাবধান করবেন।



আলমগীর মুহম্মদ মনসুরুল আলম
মহাপরিচালক (গ্রেড-১)

ফোন (অফিস): ৫৫০৭৪৭৭৭

ইমেইল: dgprimarybd@gmail.com

তারিখ: ১৬ জ্যৈষ্ঠ ১৪২৯ ব.

৩০ মে ২০২২ খ্রি.

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)

..... উপজেলা/থানা, জেলা।

স্মারক: ৩৮.০১.০০০০.১৯৩.১৪.০১১(২).২০২১-

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৩) বিভাগীয় উপ-পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ (উপবৃত্তি কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানসহ যথাযথ তদারকি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), জেলা (তাঁর জেলার সকল উপজেলা/থানার উপবৃত্তি বিতরণের যাবতীয় কার্যক্রম দৈনিক ফলোআপ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫) অফিস নথি।

মহাপরিচালক (গ্রেড-১)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর